ভোরের কাগজ

তারিখ ...........................
পৃষ্ঠা ৩ কলাম ২

NOV. 04 2002

## রাজশাহী শিক্ষা বোর্ডের আয়োজনে বিতর্ক প্রতিযোগিতা

# আমন্ত্রিত ১২টি স্কুল-কলেজের শিক্ষার্থীদের ফিরিয়ে দেওয়া হলো

শহীদুল হুদা অলক, চাঁপাইনবাবগঞ্জ থেকে : স্কুল ও কলেজ পর্যায়ে বিতর্ক প্রতিযোগিতায় অংশ গ্রহণের লিখিত আমন্ত্রণ পেয়েও অংশ নিতে পারেনি রাজশাহী বিভাগের বিভিন্ন জেলার ১২টি প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা। অংশগ্রহণ করতে না পেরে আমন্ত্রিতরা এ ব্যাপারে তাদের তীব্র ক্ষোভ প্রকাশ করে এরকম অব্যবস্থাপনার জন্য দায়ীদের শাস্তি দাবি করেছে।

৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে রাজশাহী শিক্ষা বোর্ড আয়োজিত ছাত্রছাত্রীদের বির্তক প্রতিযোগিতায় প্রতিযোগীদের নিয়ে উপস্থিত হয়েও অংশ নিতে পারেনি উত্তরাঞ্চলের ১২টি স্কুল ও কলেজের ৫০-এর অধিক ছাত্রছাত্রী, গত শনিবার ছিল বোর্ড কর্তৃক বির্তকের নির্ধারিত দিন।

সূত্র জানিয়েছে, বিপ্লব ও সংহতি দিবস উদযাপন উপলক্ষে রাজশাহী শিক্ষা বোর্ড গত ১৩ সেপ্টেম্বর উত্তরাঞ্চলের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানকে বিতর্ক প্রতিযোগিতার অংশগ্রহণের জন্য চিঠি প্রদান করে। সে মোতাবেক ১২টি স্কুল ও কলেজের প্রায় ৫০ জন প্রতিনিধি শিক্ষা বোর্ডে উপস্থিত হয়ে জানতে পারে যে, প্রতিযোগিতায় অংশগ্রহণে তাদের কোনো সুযোগ নেই। বাধ্য হয়ে স্কুল ও কলেজের প্রতিনিধিরা প্রতিযোগীদের নিয়ে ফিরে যায় নিজ নিজ জেলায়।

ফিরে যাওয়া স্কুল ও কলেজগুলোর মধ্যে রয়েছে, চাঁপাইনবাবগঞ্জ সরকারি মহিলা কলেজ, রংপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, গাইবান্ধা সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, পাবনা কলেজ, সৈয়দপুর সরকারি কারিগরি কলেজ, রংপুর ইউসুফ আলী কলেজ, রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজ, রংপুর রোকেয়া কলেজ, চাঁপাইনবাবগঞ্জ সরকারি কলেজ, শিবগঞ্জ মডেল সরকারি উচ্চ বিদ্যালয় এবং রংপুর পুলিশ লাইন স্কুল ও কলেজ।

প্রতিযোগিতায় অংশ নিতে না পারা ঐ সমস্ত স্কুল ও কলেজের প্রতিনিধিরা গত শনিবার রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের কাছে লিখিত অভিযোগ দায়ের করেছে। এতে বলা হয়েছে, বাছাই পর্ব ছাড়াই অনেক জেলা থেকে জেলা শিক্ষা অফিসাররা মনগড়া তালিকা পাঠিয়েছে। প্রতিনিধিরা তীব্র ক্ষোভ প্রকাশ করে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আবেদন জানায়।